# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## সমাজকর্ম প্রথম পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ১ |

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান—৭০

*দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।।*

১.▶ লিজা ঢাকা বিশ্ববিদ্যালয়ে সামাজিক বিজ্ঞানের এমন একটি বিষয় নিয়ে অধ্যয়ন করছে যে বিষয়টি বৈজ্ঞানিক জ্ঞান, ব্যবহারিক দক্ষতা ও সুনির্দিষ্ট মূল্যবোধ ভিত্তিক এমন একটি পেশা যা কতগুলো পদ্ধতির মাধ্যমে সামাজিক সমস্যার বিজ্ঞানসম্মত সমাধান দিতে সক্ষম।

ক. সমাজকর্ম কী? ১
খ. সমাজকর্মের উদ্ভব ঘটেছে কেন? ২
গ. উদ্দীপকে লিজা সামাজিক বিজ্ঞানের কোন বিষয়ে অধ্যয়ন করছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে লিজার অধ্যয়নকৃত বিষয়টির জ্ঞান সামাজিক সমস্যা সমাধানে কীভাবে ভূমিকা রাখতে পারে? বিশ্লেষণ কর। ৪

২. ★ সাইদুর রহমান উচ্চ শিক্ষা গ্রহণে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করছে। সে লক্ষ্য করে এ দেশটির স্থায়ী নাগরিকদের একটি শিশু জন্মদানের পর থেকে নির্দিষ্ট সময় পর্যন্ত বিশেষ ভাতা প্রদান করা হয়। আবার বার্ধক্যে কিংবা মৃত্যুতেও সামাজিক বিমার আওতায় তাদেরকে বিভিন্ন ধরনের রাষ্ট্রীয় সুবিধা দেওয়া হয়ে থাকে।

ক. ১৯০৫ সালের দরিদ্র আইন কমিশনের প্রধান কে ছিলেন? ১
খ. পঞ্চদৈত্য বলতে কী বোঝায়? ২
গ. সাইদুরের উল্লিখিত রাষ্ট্রে সামাজিক বিমা পদ্ধতির মাধ্যমে মূলত কোন আইনের কর্মসূচিকে নির্দেশ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'সমাজকর্ম পেশার বিকাশে উদ্দীপকের উক্ত কর্মসূচির ভূমিকা বিশেষ তাৎপর্যপূর্ণ— বিশ্লেষণ কর। ৪

৩.▶ ১৭৬০ সাল থেকে ১৮৫০ সালের মধ্যে প্রথমে ইংল্যান্ডে পরবর্তীতে ইউরোপ ও পৃথিবীর অন্যান্য দেশে উৎপাদন, প্রযুক্তি, যাতায়াত ও যোগাযোগ ক্ষেত্রে আমূল পরিবর্তন সূচিত হয়। এ পরিবর্তনের ফলে নাগরিক সুযোগ-সুবিধা বৃদ্ধি পেলেও মানবজীবনে নতুন নতুন জটিল সমস্যার সৃষ্টি হয়। আর এ সমস্যা মোকাবেলায় বিজ্ঞানসম্মত উপায় হিসেবে একটি সুনির্দিষ্ট পদ্ধতির উদ্ভব হয়।

https://teachingbd24.com

ক. 'Social Diagnosis' গ্রন্থটির লেখক কে? ১
খ. ১৬০১ সালে দরিদ্র আইনে সক্ষম দরিদ্র বলতে কাদেরকে বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকে উল্লিখিত আমূল পরিবর্তনকে কী নামে আখ্যায়িত করা হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত পরিবর্তনের প্রভাবে কীভাবে সমাজকর্মের উদ্ভব হয়? বিশ্লেষণ কর। ৪

৪. ★ রাইসা তাসনিম তিন বছর নার্সিং কলেজে শিক্ষানবিশ হিসেবে হাতে-কলমে শিক্ষা গ্রহণ করে বর্তমানে সিনিয়র নার্স হিসেবে কর্মরত আছেন। রোগীরা তাকে অনেক পছন্দ করে। তাকে বিশ্বাস করে। রোগীদের সেবা করার ক্ষেত্রে তিনি কখনই আবেগ তাড়িত হন না। তবে বিশেষ কিছু নীতি ও মূল্যবোধ মেনে চলেন। তিনি এই সেবার মাধ্যমেই পরিবারের ভরণ-পোষণ ও জীবিকা নির্বাহ করেন।

ক. সমাজকর্ম মূল্যবোধ কী? ১
খ. আত্মনিয়ন্ত্রণ অধিকার বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের রাইসা তাসনিমের কাজটি কোন ধরনের অর্থনৈতিক কাজের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের রাইসার কাজটিকে কি পেশা বলা যায়? নাকি তার কাজটি একটি সাধারণ জীবিকা নির্বাহের উপায়? মতামত দাও। ৪

৫. ★ ধনাঢ্য পরিবারের মেয়ে সেজুতি দেবনাথ। মহা ধুমধামের সাথে তার বিয়ে হলো আর এক ধনাঢ্য পরিবারের ছেলে অরূপ সাহার সাথে। কিন্তু বছর না ঘুরতেই সেজুতির স্বামী মারা যাওয়ায় তাকে বাবার বাড়িতে ফিরে আসতে হলো। বাস্তবতাকে মেনে নিয়ে মা-বাবা ও আত্মীয়-স্বজনের সহায়তায় কিছুদিনের মধ্যে সেজুতি শোক কাটিয়ে উঠল। মেয়ের ভবিষ্যৎ চিন্তা করে মা-বাবা পুনরায় সৎ ও যোগ্য পাত্র ইন্দ্রজিৎ এর সাথে মেয়েকে বিয়ে দিলেন।

ক. ভারতীয় উপমহাদেশে নারী জাগরণের অগ্রদূত কাকে বলা হয়? ১
খ. সমাজ সংস্কার বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের সেজুতি দেবনাথের সাথে ইন্দ্রজিত এর বিয়ের ঘটনা ভারতীয় উপমহাদেশের যে সমাজ সংস্কারকের কর্মকাণ্ডের সাথে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা কর। ৩
ঘ. অষ্টাদশ শতাব্দীতে সেজুতির স্বামী মারা গেলে তার যে ভয়াবহ পরিণতি হতো পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৬. ▶ সাহনা হায়াত একটি রক্ষণশীল মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। ১৪ বছর বয়সে একজন কলেজ শিক্ষকের সাথে তার বিয়ে হয়। তিনি তার স্বামীর সহযোগিতায় পড়াশোনা করেন এবং বি এ, বি এড পাস করেন। সাহনা হায়াতের গ্রামের অধিকাংশ মহিলা পশ্চাৎপদ, নিরক্ষর এবং কুসংস্কারাচ্ছন্ন। তিনি তার গ্রামের মহিলাদের উন্নয়নের কথা চিন্তা করেন। তিনি তাদের সংগঠিত, শিক্ষিত এবং উন্নয়ন কর্মকাণ্ডে অংশগ্রহণ করতে চেষ্টা করেন। এ লক্ষ্যে তিনি তার গ্রামে একটি মহিলা সমিতি এবং একটি বালিকা বিদ্যালয় স্থাপন করেন।

https://teachingbd24.com

ক. ব্রাহ্ম সমাজের প্রতিষ্ঠাতা কে? ১
খ. ধর্মগোলা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের সাহানা হায়াতের কর্মকাণ্ডের সাথে বাংলাদেশের কোন বিখ্যাত সমাজ সংস্কারকের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের নারী উন্নয়নে সাহানা হায়াতের কর্মকাণ্ড কীভাবে সহায়তা করতে পারে? আলোচনা কর। ৪

৭. ★ সালমান ও রিয়াদ উচ্চ মাধ্যমিক শ্রেণির ছাত্র। সালমান ঐচ্ছিক বিষয় হিসেবে যে বিষয়টি পড়ছে তাতে সামাজিক সমস্যার কারণ উদঘাটনের পাশাপাশি সামাজিক সমস্যার বিজ্ঞানসম্মত সমাধান ও পরিবর্তিত পরিস্থিতিতে কীভাবে খাপ খাওয়াতে হয় তার বিবরণ আছে। অন্যদিকে রিয়াদের পাঠ্যক্রমে মানুষের অভাব, প্রাপ্ত সম্পদ, সম্পদের বহুমুখী ব্যবহার, আর জাতীয় উন্নয়নের বিবরণ রয়েছে।

ক. জনবিজ্ঞান কী? ১
খ. একজন সমাজকর্মীর সমস্যা সমাধানের জন্য কেন নৃবিজ্ঞানের জ্ঞান প্রয়োজন হয়? ২
গ. সালমান ও রিয়াদের পাঠ্যবিষয় দুটি তুমি কীভাবে চিহ্নিত করবে? আলোচনা কর। ৩
ঘ. সামাজিক উন্নয়নের জন্য সালমান ও রিয়াদের পঠিত বিষয় দুটি কীভাবে পরস্পরকে সাহায্য করে? তা তোমার পাঠ্যপুস্তকের জ্ঞানের আলোকে ব্যাখ্যা কর। ৪

৮. ★ 'ফুল নেবেন স্যার ফুল' এমন সংলাপ উচ্চারণকারী অনেক শিশু-কিশোরদের ঢাকার রাস্তায় প্রতিনিয়ত দেখা যায়। এসব শিশু-কিশোরদের আবার অনেক ক্ষমতাধর ব্যক্তি ব্যবহার করছে নানা ধরনের অপরাধ সংঘটনে। শিশু কল্যাণের কাজে জড়িত একটি NGP এসব ভাসমান শিশুদের উদ্ধার করে তাদেরকে সংশোধন করার উদ্যোগ নিয়েছে। বেশকিছু সমাজকর্মী তাদের সংশোধনের ক্ষেত্রে ভূমিকা রাখছে।

ক. সমষ্টি সংগঠন পদ্ধতি কোন ধরনের সমষ্টিতে প্রয়োগ করা হয়? ১
খ. গোপনীয়তা নীতির তাৎপর্য লেখো। ২
গ. সমাজকর্মের কোন পদ্ধতি প্রয়োগ করে এসব শিশু-কিশোরদের সুস্থতা স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনা সম্ভব? অন্যান্য পদ্ধতি থেকে এটি কীভাবে আলাদা? ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের অনেক ক্ষেত্রে উক্ত পদ্ধতির প্রয়োগ পরিলক্ষিত হয়— বিশ্লেষণ কর। ৪

৯. ▶ 'টিভিতে 'মিনা কার্টুন' দেখছিল তুতুল। সে দেখল মিনা এবং রাজু দুই ভাই-বোনই সারাদিন পরিশ্রম করেছে। কিন্তু রাতে যখন তারা খেতে বসল তখন মিনার মা রাজুকে যে খাবার দিল মিনাকে দিল তার অর্ধেক খাবার। এই দৃশ্য দেখে মিনার পোষা টিয়া মিনাকেও রাজুর মত বেশি খাবার দিতে বলল। তখন মিনার দাদি বলল ছেলেদের একটু বেশি খাবার,

https://teachingbd24.com

বেশি পুষ্টি দরকার, কারণ তারা বেশি কাজ করে। কিন্তু টিয়া পাখি মিনার দাদির ধারণাটিকে ভেঙে দিয়ে বলল, মিনাও রাজুর থেকে কম কাজ করে না। দুজনার কাজেরই গুরুত্ব রয়েছে।

ক. স্বল্পমেয়াদি পরিকল্পনার মেয়াদ কত দিনের হয়? ১

খ. বর্তমান শিক্ষানীতিতে ধর্ম ও নৈতিক শিক্ষাকে গুরুত্ব দেওয়া হয়েছে কেন? ২

গ. উদ্দীপকের ঘটনাটি জাতীয় নারী উন্নয়ন নীতি ২০১১ এর কোন বৈশিষ্ট্যটি তুলে ধরেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকটিতে জাতীয় নারী উন্নয়ন নীতির ২০১১ এর উদ্দেশ্যের পূর্ণ প্রতিফলন ঘটেনি— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

১০. ★ সুশান্ত রূপনগরের একজন কৃষক। জমিতে চাষাবাদের ফলে সে বছর শেষে কয়েকশত কেজি ধান, আলু আর অন্যান্য সবজি পেত। কিন্তু বর্তমানে সেই জমিটি ভরাট করতে চলেছে পরিবারের বাড়তি সদস্যদের থাকার ব্যবস্থা করতে। সুশান্তের এ ধরনের কাজকে নিরুৎসাহিত করে এলাকার মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক বললেন, কৃষি জমি এভাবে নষ্ট না করে পরিবারের সদস্য সংখ্যা নিয়ন্ত্রণের চেষ্টা কর।

ক. বাংলাদেশের সর্বশেষ শিক্ষানীতি কবে প্রণীত হয়? ১

খ. পঞ্চবার্ষিক পরিকল্পনা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের ঘটনাটি জাতীয় জনসংখ্যা নীতির কোন দিকটির প্রতি ইঙ্গিত করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের প্রধান শিক্ষকের বক্তব্যটির যৌক্তিকতা বাংলাদেশের প্রেক্ষাপটে বিশ্লেষণ কর। ৪

১১. ▶ আফগানিস্তানের নাগরিক গুলফাম বারাকজাই নারীদের মর্যাদা ও শিক্ষার অধিকার প্রতিষ্ঠার জন্য কাজ করতেন। কাজ করতে গিয়ে তিনি তালেবানদের কারণে নানা প্রতিকূলতার শিকার হন। তারপরও তিনি নারী জাগরণের কাজ করে যাচ্ছিলেন। কিন্তু তালেবান জঙ্গিরা তাকে প্রাণনাশের হুমকি দিলে এক সময় বাধ্য হয়ে তিনি জাপানে চলে যান। বর্তমানে তিনি Tokyo University of Social Welfare এ সমাজকর্ম বিষয়ে কার্যক্রম পরিচালনা করছেন।

ক. কোন দেশকে সমাজকর্মের সুতিকাগার বলা হয়? ১

খ. সমাজকর্ম শিক্ষায় মাঠকর্ম অনুশীলন কেন করা হয়? ২

গ. গুলফাম বারাকজাই এর প্রচেষ্টার মধ্যে উপমহাদেশের কোন সমাজ সংস্কারকের প্রতিচ্ছবি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. গুলফাম বারাকজাই এর গবেষণাতে সমাজকর্মের প্রয়োগ ক্ষেত্রের আংশিক প্রকাশিত হয়— ব্যাখ্যা কর। ৪

https://teachingbd24.com

# সমাজকর্ম প্রথম পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ১ |

সময়- ৩০ মিনিট

বহুনির্বাচনি প্রশ্ন

পূর্ণমান: ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে]

১. ★ রিমা কিছু কৌশল অবলম্বন করে ব্যক্তিকে সমস্যা সমাধানে সহায়তা করে। সমাজকর্মে রিমার কাজকে এক কথায় কী বলে?
ক) ব্যক্তি সমাজকর্মের নীতিমালা
খ) ব্যক্তির যোগাযোগ নীতি
গ) অংশগ্রহণ নীতি
ঘ) ব্যক্তির স্বাতন্ত্রীকরণ নীতি

২. নীতি প্রণয়নের প্রথম ও প্রধান ধাপ কী?
ক) যৌক্তিক সিদ্ধান্ত গ্রহণ
খ) নীতির অনুভূত প্রয়োজন নির্ধারণ
গ) কমিটি গঠন  ঘ) খসড়া নীতি প্রণয়ন

৩. বাস্তবভিত্তিক সামাজিক নীতি প্রণয়নের জন্য কোন ধরনের তথ্যের প্রয়োজন হয়?
ক) কৃত্রিম তথ্য  খ) যৌগিক তথ্য
গ) মৌলিক তথ্য  ঘ) সরল তথ্য

৪. নারীর ক্ষমতায়ন, সম-অধিকার ও সুযোগ নিশ্চিত করার লক্ষ্যে প্রণীত হয় জাতীয় নারী উন্নয়ন নীতি। এটি প্রণয়ন করা হয় কত সালে?
ক) ২০১০ সালে  খ) ২০১১ সালে
গ) ২০১২ সালে  ঘ) ২০১৩ সালে

৫. ★ জাতীয় শিক্ষানীতি ২০১০ এ বৃত্তিমূলক ও কারিগরি শিক্ষার ওপর জোর দেয়া হয়েছে। এর প্রকৃত উদ্দেশ্য হলো-
ক) জনগণকে দ্রুত জনশক্তিতে রূপান্তর করা
খ) প্রাপ্তবয়স্কদের শিক্ষিত করে তোলা
গ) নৈতিক মানসিকতা সৃষ্টি করা
ঘ) কুসংস্কার দূরীকরণ

৬. জাতিসংঘের প্রতিনিধি দলটি বিভিন্ন আর্থ-সামাজিক অবস্থা বিশ্লেষণপূর্বক কিসের ওপর গুরুত্বারোপ করে?
ক) বিদ্যালয় সমাজকর্মী তৈরি
খ) পেশাদার সমাজকর্মী তৈরি
গ) ব্যবসা সমাজকর্মী তৈরি
ঘ) স্বেচ্ছাসেবক সমাজকর্মী তৈরি

৭. ★ ১৯৪৭ সালে ভারত ও পাকিস্তান বিভক্ত হওয়ার পর এ দেশে নানাবিধ সমস্যা জটিল রূপ ধারণ করে কেন?
ক) মুহাজিরদের আগমন ঘটায়
খ) হিন্দুদের আগমন ঘটায়
গ) মুসলিমদের আগমন ঘটায়
ঘ) রোহিঙ্গাদের আগমন ঘটায়

৮. রবিনসহ অন্যরা ভারত থেকে ১৯৪৭ সালে এ দেশে আগমনের ফলে বিভিন্ন সামাজিক সমস্যা জটিলরূপ ধারণ করে। রবিনসহ অন্যদের কী বলে সম্বোধন করা হয়ে থাকে?
ক) আনসার  খ) মুহাজির
গ) রোহিঙ্গা  ঘ) হেফাজত ইসলাম

৯. কোনটি মানব ইতিহাসের সবচেয়ে গুরত্বপূর্ণ ইতিবাচক ঘটনা?
ক) শিল্প বিপ্লব  খ) প্রথম বিশ্বযুদ্ধ
গ) দ্বিতীয় বিশ্বযুদ্ধ  ঘ) রুশ বিপ্লব

১০. ★ সমাজকর্ম কী পেশা হিসেবে বিশ্বে স্বীকৃত?
ক) ঐচ্ছিক পেশা  খ) অনৈচ্ছিক পেশা
গ) সাহায্যকারী পেশা  ঘ) প্রাথমিক পেশা

১১. সমাজকর্মের পরিধি বলতে কোনটিকে বোঝানো হয়েছে?
ক) ব্যবহারিক দিককে  খ) অর্থনৈতিক দিককে
গ) পারিবারিক দিককে  ঘ) পরিবেশগত দিককে

১২. "পারিবারিক ভাঙন" কোন কারণটির সাথে সম্পর্কযুক্ত?
ক) নদী ভাঙন  খ) ঘূর্ণিঝড়
গ) বন্যা  ঘ) শিল্পায়ন

১৩. বহু দক্ষতাভিত্তিক পেশা হিসেবে কোনটি অধিক যুক্তিযুক্ত?
ক) সমাজকর্ম  খ) ব্যবসা
গ) সাংবাদিকতা  ঘ) কৃষক

১৪. ★ কোন রাজা প্রথম দরিদ্র আইন প্রণয়ন করেন?
ক) রাজা জুয়ান কার্লোস
খ) রাজা অষ্টম হেনরি
গ) পঞ্চম হেরাল্ড
ঘ) তৃতীয় মসওয়াতি

১৫. পেশা হিসেবে সমাজকর্ম কোন ধরনের?
ক) আধুনিক  খ) প্রাচীন
গ) নবীন  ঘ) সুপ্রাচীন

https://teachingbd24.com

১৬. রাজীব আহমেদ একজন ট্রাক ড্রাইভার ছিলেন। সড়ক দুর্ঘটনায় মাথায় আঘাত পেয়ে উন্মাদ হয়ে যান। রাজিব আহমেদ কোন ধরনের দরিদ্র শ্রেণির অন্তর্ভুক্ত?
ⓚ সক্ষম দরিদ্র ⓚ অক্ষম দরিদ্র
ⓖ নির্ভরশীল দরিদ্র ⓖ সহনশীল দরিদ্র

(ক) সক্ষম দরিদ্র (খ) অক্ষম দরিদ্র
(গ) নির্ভরশীল দরিদ্র (ঘ) সহনশীল দরিদ্র

১৭. ★ বিংশ শতাব্দীর শুরুতে ইংল্যান্ডে ভয়াবহ বেকারত্বের কারণ কী বলে তুমি মনে কর?
(ক) প্রাকৃতিক দুর্যোগ (খ) উৎপাদন হ্রাস
(গ) কয়লা খনি বন্ধ হওয়া
(ঘ) দুর্ভিক্ষ দেখা দেয়া

১৮. পেশার জন্য নিম্নলিখিত কোনটি প্রয়োজন?
(ক) তাত্ত্বিক জ্ঞান
(খ) ব্যবহারিক জ্ঞান
(গ) মূলধন
(ঘ) তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান

১৯. সমাজে বিভিন্ন অসামঞ্জস্য বা বিশৃঙ্খলা দেখা যায় কেন?
(ক) সমাজের মানুষ খুবই ঝগড়াটে বলে
(খ) মানুষ পরিবর্তিত পরিবেশের সাথে সহজে খাপ খাওয়াতে পারে না বলে
(গ) সমাজের সম্পদ সীমিত বলে
(ঘ) সমাজের নীতিমালা অপরিবর্তিত বলে

২০. দেবতার অনুকূলে ধন-সম্পদ উৎসর্গ করার রীতিকে কী বলা হয়?
(ক) দেবোত্তর (খ) ধর্মগোলা
(গ) মুসাফির (ঘ) সরাইখানা

২১. কেন সমাজে ধর্মগোলা গড়ে তোলা হতো?
(ক) শিক্ষা নিশ্চিত করার জন্য
(খ) খাদ্য নিরাপত্তার জন্য
(গ) সমাজকল্যাণের জন্য
(ঘ) সংগঠনের জন্য

২২. ১৮৭০ সালে বিশ্বনাথ চন্দ্র তার পুত্র মঙ্গলচন্দ্রের সাথে এক বিধবা রমণীর বিবাহ দেন। তার এ কাজ কার কর্মের অনুপ্রেরণায় সম্ভব হয়েছে?
(ক) রাধাকান্ত দে (খ) রামমোহন রায়
(গ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (ঘ) লর্ড ডালহৌসি

২৩. ★ আধুনিক সমাজকল্যাণে মানুষকে সাহায্য করার জন্য কতটি মৌলিক পদ্ধতি প্রয়োগ করা হয়?
(ক) ২টি (খ) ৩টি
(গ) ৪টি (ঘ) ৫টি

২৪. বিশিষ্ট নৃবিজ্ঞানী হিসেবে পরিচিত কে?
(ক) গেটেল (খ) ম্যাকাইভার
(গ) জন বি ওয়াটসন (ঘ) হোবেল

২৫. সামাজিক বিজ্ঞানকে বিভিন্ন শাখায় বিভক্ত করা যায় কেন?
(ক) জ্ঞান ও তত্ত্ব আহরণের জন্য
(খ) পুঙ্খানুপুঙ্খ বিশ্লেষণ ও গভীর জ্ঞান অর্জনের জন্য
(গ) কার্যাবলি বণ্টনে সুবিধার জন্য
(ঘ) স্বাতন্ত্র্যতা লাভের জন্য

২৬. রফিক তার বড় ভাইয়ের কাছে একটি বই পেল। যাতে মানুষের উৎপত্তি, দৈহিক গঠন, প্রাণি রাজ্যে তার স্থান ইত্যাদি আলোচিত হয়েছে। উক্ত গ্রন্থের সাথে সাদৃশ্য রয়েছে কোনটির?
(ক) সমাজবিজ্ঞান (খ) জনবিজ্ঞান
(গ) মানবজাতি তত্ত্ব (ঘ) নৃবিজ্ঞান

২৭. ★ আইন পেশা ও সমাজকর্ম পরস্পর সম্পর্কযুক্ত। এর যথার্থ কারণ হলো-
(ক) উভয়েই সামাজিক নীতি প্রণয়নে ভূমিকা রাখে
(খ) উভয়েই এককভাবে সমাজের অপ্রত্যাশিত অবস্থা দূর করতে সক্ষম
(গ) আইন পেশা হচ্ছে সমাজকর্ম পেশার লক্ষ্য অর্জনের হাতিয়ার
(ঘ) আইন ও সমাজকর্ম একে অপরের পরিপূরক

২৮. মৌলিক পদ্ধতিসমূহকে বাস্তব ক্ষেত্রে সুষ্ঠুভাবে প্রয়োগে কোন পদ্ধতি প্রয়োগ করা হয়?
(ক) মৌলিক পদ্ধতি (খ) উন্নয়ন পদ্ধতি
(গ) সহায়ক পদ্ধতি (ঘ) গবেষণা পদ্ধতি

২৯. মক্কেল-কর্মী সম্পর্কের আরেক নাম কী?
(ক) র‍্যাপোর্ট (খ) কর্মী সম্পর্ক
(গ) এজেন্সি সম্পর্ক (ঘ) সহায়ক সম্পর্ক

৩০. ★ কিরূপ নীতি অবলম্বন করলে ব্যক্তির সমস্যার সমাধান সম্ভব?
(ক) জটিল নীতি (খ) নমনীয় নীতি
(গ) একই নীতি (ঘ) ভিন্নধর্মী নীতি

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | খ | ৩ | গ | ৪ | খ | ৫ | ক | ৬ | খ | ৭ | ক | ৮ | খ | ৯ | ক | ১০ | গ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ক |
| | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | ক | ২১ | খ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | ঘ |

https://teachingbd24.com